সংবাদ প্রতিদিন, বুধবার ২৭ আগস্ট ২০২৫

# ফেলিক্স রাজের জীবনী গ্রন্থ প্রকাশ



বই প্রকাশ অনুষ্ঠানে (বাম দিক থেকে) জাভেদ খান, ড. জেমস অর্জুন টেট, ড. ফেলিক্স রাজ, সুজিত বসু, রেভারেন্ড জয়রাজ ভেলুস্বামী। মঙ্গলবার।
—শুভাশিস রায়

স্টাফ রিপোর্টার: প্রকাশিত হল সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ফাদার জন ফেলিক্স রাজের জীবনী গ্রন্থ 'মাজিস মন্ত্র- দ্য লাইফ অ্যান্ড লিগ্যাসি অফ ফাদার ফেলিক্স রাজ, এসজে'। মঙ্গলবার ছিল মাদার টেরেসার ১১৫তম জন্মবার্ষিকী। আর এদিনই ফেলিক্স রাজেরও জন্মদিন। সেই উপলক্ষে এই দিনটিকে বেছে নেওয়া হয়েছিল বইপ্রকাশের দিন হিসেবে। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের দমকল মন্ত্রী সুজিত বসু, বিপর্যয় মোকাবিলা মন্ত্রী জাভেদ আহমেদ খান প্রমুখ। কলকাতা অ্যালুমনি অ্যাসোসিয়েশন আয়োজিত এদিনের অনুষ্ঠান ছিল সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয়ের নিউ টাউন ক্যাম্পাসে। ড. প্রভাতকুমার দত্ত লিখিত এই বই প্রকাশের পর বক্তব্য রাখার সময় ফাদার ফেলিক্স রাজ জানান বই প্রকাশের উদ্দেশ্য। তিনি বলেন, "কোনও বিতর্ক নয়। কোনও বাণিজ্যিক উদ্দেশ্য নয়। আমার এই জীবনী অনুপ্রেরণা জোগাক তরুণদের। হয়ে উঠুক তাদের পথপ্রদর্শক।"